দৈনিক সংবাদ

তারিখ ... JUL ৩০ 2000
পৃষ্ঠা ... কলাম ...

# অনার্স পার্ট-৩ পরীক্ষা শুরু

নিজস্ব বার্তা পরিবেশক ঃ গতকাল শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯ সালের অনার্স পার্ট-৩ পরীক্ষা শুরু হয়েছে। সারাদেশের ৭৭টি কলেজের ৩০ হাজার ১শ ২৫ জন ছাত্র-ছাত্রী এ পরীক্ষা দিচ্ছে। অল্প সময়ের ব্যবধানে পরীক্ষা শুরু করা হয়েছে এ অভিযোগ তুলে পরীক্ষার্থীরা পরীক্ষা পেছানোর জন্যে আন্দোলন শুরু করেছিল। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ দাবি অগ্রাহ্য করে। পরবর্তীতে পরীক্ষার্থীরা আদালতে মামলা করেও বিপক্ষে রায় পায়।

গতকাল দেশের বিভিন্ন স্থানে মোটামুটি শান্তিপূর্ণভাবেই পরীক্ষা অনুষ্ঠানের খবর পাওয়া গেছে।

# জাবির ১ম বর্ষ ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হবে আজ

সাভার, ২৯শে জুলাই (বাসস)।- রোববার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১৯৯০-২০০০ সালের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হবে।

# বেসরকারি স্কুল-কলেজে শিক্ষক ধর্মঘট চলছে

নিজস্ব বার্তা পরিবেশক ঃ বিভিন্ন শিক্ষক সংগঠনের আহ্বানে গতকাল দেশের বিভিন্ন স্থানে বেসরকারি স্কুল-কলেজে শিক্ষক ধর্মঘট পালিত হয়েছে। শিক্ষক সমিতি ফেডারেশন আহূত অবিরাম ধর্মঘটের ১৯তম দিন ছিল গতকাল। অন্যদিকে শিক্ষক সমিতি (আমানুল্লাহ) আহূত ৪ দিনব্যাপী ধর্মঘটের শেষ দিন ছিল গতকাল।

ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ গত শুক্রবার সাবেক দু শিক্ষা সচিব আনম ইউসুফ ও ইরশাদুল হকের সাথে মতবিনিময় করেন।

ঐক্যবদ্ধ শিক্ষক আন্দোলন গড়ে তোলার জন্য ৮টি সংগঠন নেতৃবৃন্দ মিলে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট গঠন করেছে।